দর্শনায় ফেনসিডিলসহ ২ মাদক ব্যাবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার গোলাপনগর মোড়ে দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযোন চালিয়েছে । অভিযান চালিয়ে ফেনসিডিলসহ ২ জন মাদক পাচারকারীকে গ্রেফতার করেছে। সেই সাথে পুলিশ জব্দ করেছে ফেনসিডিল বহনকারী পিকাপ ভ্যানটি।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে তিতুদহ ক্যাম্প পুলশের ইনচার্জ এসআই আনোয়ারুল আলম সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তীত্বে গতকাল বুধবার রাত সাড়ে ৯টার দিকে মাদক বিরোধী অভিযান চালান দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের গোলাপনগর মোড়ে।

এসময় পুলিশ পেয়ারা ভর্তী একটি পিকাভ্যানের (ঢাকা মেট্র-ন-১৯-৮১৬৩) গতিরোধ করেন। পিকাভ্যানে তল্লাশী চালিয়ে মুখবাঁধা তিনটি চটের বস্তা উর্দ্ধার করেন। বস্তার মুখ খুখে ২১৬ বোতল ফেনসিডিল উর্দ্ধার করে পুলিশ। সেই সাথে ঘটনার সাথে জড়িত থাকার অপরাধে দামুড়হুদা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের জয়নাল মন্ডলের ছেলে হোসেন মন্ডল (৩১) ও মাদারিপুর জেলার চাপাতলি গ্রামের সাহেদ আলী শিকদারের ছেলে রাসেল শিকদারকে (৩২) গ্রেফতার করে পুলিশ।

এ সময় পেয়ারাভর্তি মিনি ট্রাকে থাকা ছয়ঘরিয়া গ্রামের আনোয়ার হোসেন কৌশলে পালিয়ে যায়।এ ঘটনায় হোসেন মন্ডল, রাসেল শিকদার আনোয়ারসহ তিন জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে দর্শনা থানা পুলিশ। ফেনসিডিল উদ্ধারের ঘটনায়

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের পূর্বক আজ বৃহস্পতিবার আদালতে সোপর্দ করা হবে।

গাংনীতে পর্ণগ্রাফি মামলায় আসবাবপত্র ব্যবসায়ী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে নিজ বাড়ি থেকে পর্ণগ্রাফী মামলায় সোহেল রানা(২৯) নামের এক আসবাবপত্র ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার সকালে গাংনী থানা পুলিশের একটি দল তাকে নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করে। সোহেল রানা গাংনীর বাজার পাড়ার ইদ্রীস হোসেনের ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, চুয়াডাঙ্গার আলমডাঙ্গার এক গৃহবধুর সাথে মালামাল কেনাকাটার সময় সোহেল রানার পরিচয় ঘটে। প্রবাসী স্বামীর অনুপস্থিতিতে বিভিন্ন সময়ে কুপ্রস্তাব ও প্রেমের অভিনয় করতো সোহেল রানা। একপর্যায়ে সোহেল রানা ওই গৃহবধুকে একটি বাড়িতে নিয়ে ভীতি প্রদর্শন করে ধর্ষণ করে এবং তা মোবাইল ফোনে ধারন করে। সোহেল ও তার বন্ধুরা সেই ভিডিও ও ছবি ইন্টার নেটে ছড়িয়ে দেয়ার হুমকি দিয়ে স্বর্ণালংকারসহ অন্ততঃ সাড়ে আট লাখ টাকা গ্রহন করে। পরে আরো টাকা দাবী করলে তা দিতে অপারগতা প্রকাশ করলে ওই ভিডিও গৃহবধুর স্বামীর কাছে পাঠিয়ে দেয়।এ ব্যাপারে ভুক্তভোগি গৃহবধু গাংনী থানায় একটি মামলা দায়ের করে। যার নং-
২৯। তারিখ ২১/১২/২২ ইং। এ মামলায় পুলিশ সোহেল রানাকে গ্রেপ্তার আদালতে প্রেরণ করে।
ওসি আরো জানান, তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

দামুড়হুদার ডুগডুগী বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযান,

জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগি বাজারে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে তিনজন মোটরসাইকেল চালক ও একজন প্রকাশ্যে ধূমপায়ির জরিমানা করা হয়েছে। গতকাল বেলা সাড়ে ১২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম এই জরিমানা করেন।

জানা গেছে, মোটরসাইকেল সড়ক পরিবহন আইন ৬৬ ধারা মোতাবেক আলমডাঙ্গার সোবহান হোসেনের ছেলে আরজ আলীর ৩ হাজার টাকা, একই আইনে ডুগডুগি গ্রামের মৃত মুক্তার আলীর ছেলে হারুন অর রশিদ এর ১ হাজার টাকা এবং জীবননগর উথলী গ্রামের মজনু মিয়ার ছেলে এনামুল হক এর ১ হাজার টাকা জরিমানা করা হয়। একই সময় দর্শনা আজিমপুরের ফজলমিয়ার ছেলে আব্দুল হান্নান কে প্রকাশ্যে ধুমপান করার অপরাধে, ধূমপান তামাক জাত আইন ৪/৬ ধারা মোতাবেক ৩০০ টাকা জরিমানা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন পেশকার আসমান আলী এবং দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম।

গাংনীর বাঁশবাড়ীয়া বাজারে দুই ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমনা

মেহেরপুরে গাংনী উপজেলার বাঁশবাড়ীয়া বাজারে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও বিক্িরে এবং অস্বাস্থ্যকর পরিবেশের কারণে দুই ব্যবসা প্রতিষ্ঠানকে ৬ হাজার জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার দুপুরে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) তারিকুল ইসলাম ও গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান এবং মেহেরপুর পুলিশ

লাইনের একটি টিম অভিযানে সহযোগীতা করেন।

সহকারী পরিচালক সজল আহমেদ জানান, গাংনীর বাঁশবাড়ীয়া বাজারের হোটেল, মুদিখানা, হার্ডওয়্যার, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের কয়েকটি প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় মেসার্স মিজান স্টোরে অস্বাস্থ্যকর পরিবেশ, মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৫১ ধারায় ৪ হাজার জরিমানা করা হয়।এছাড়া খালেক হোটেলকে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার তৈরি ও তারিখ বিহীন পণ্য বিক্রয়ের অপরাধে একই আইনের ৩৭ ও ৪৩ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান চলাকালে অন্যান্য প্রতিষ্ঠানগুলো সতর্ক করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর র্যাবের পৃথক অভিযানে এ্যালকোহল ও ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর র্যাব ক্যাম্পের সদস্যরা পৃথক অভিযান চালিয়ে ২১০ বোতল এ্যালকোহল ও ৭২ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রফতার করেছে।

গতকাল রবিবার দুপুরে র্যাব-১২ মেহেরপুর সিপিসির কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার আবুল কালাম আজাদের নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর থানাধীন আমলাবাজার সদর জামে মসজিদ মার্কেট এর নীচ তলায় অভিযান পরিচালনা করে ২১০বোতল নেশাজাতীয় মাদকদ্রব্য এ্যালকোহলসহ সাহাপুর গ্রামের ফজলুল হকের ছেলে নুরুল ইসলাম (৩৭) কে গ্রেফতার করে। পরে বিকালে একই জেলার দৌলতপুরের গোয়ালগ্রামে অভিযান চালিয়ে ৭২ পিস ইয়াবাসহ একই গ্রামের আফজান মালিথার ছেলে মিলন আলী
(৩৫) কে গ্রেফতার করে।

তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা করে থানায়

সোপর্দ করা হয়েছে বলে জানান সিপিসি কমাণ্ডার।

তিনি আরো জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, এই মাদক ব্যবসায়ীদ্বয় দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট বিক্রয় করে আসছিল

গাংনীতে বৈধ কাগজপত্র না থাকায় ২১টি মোটরসাইকেল জব্দ

গাংনীর বামন্দীতে অভিযান চালিয়ে মোটরসাইকেলের বৈধকাগপত্র ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় ২১ টি গাড়ি জব্দ করেছে মেহেরপুর ট্রাফিক বিভাগ।

আজ রবিবার সকাল থেকে বিকেল পর্যন্ত বামন্দী পুলিশ ক্যাম্পের সড়কসহ বিভিন্ন স্থানে গাড়ি গুলো জব্দ করে বামন্দী পুলিশ ক্যাম্পে রাখা হয়েছে।

জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট মুকুল হোসেন জানান, সম্প্রতি মেহেরপুর জেলাজুড়ে মোটরসাইকেল দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে। অনেকে নিহত ও আহত হওয়ার ঘটনা ঘটেছে। তারই ধারাবাহিকতায় রবিবার সকালে গাংনী উপজেলার বামন্দী পুলিশ ক্যাম্পের সামনে ট্রাফিক বিভাগ অভিযান পরিচালনা করে।

এসময় সড়কে চলাচলকৃত মোটরসাইকেল চালকদের থামিয়ে গাড়ির রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স আছে কিনা পরিক্ষা করা হয়। এর মধ্যে ২১টি মোটরসাইকেলের বৈধ রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় মামলা দেওয়া হয়েছে। মামলার টাকা পরিশোধ এবং অনটেস্ট মোটরসাইকেলের বৈধ কাগজপত্রের টাকা জমা দিয়ে গাড়ি গুলো বামন্দী পুলিশ ক্যাম্প থেকে নেওয়ার জন্য আটককৃত গাড়ির মালিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

মুজিবনগরে ৪৭ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪৭ বোতল ভারতীয় ফেনসিডিল সহ সিরাজুল (৪৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১১টার সময় মুজিবনগর থানাধীন মানিকনগর গ্রামের জনৈক জলিলের বাড়ির সামনে রাস্তার উপর অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী সিরাজুলকে আটক করে পুলিশ।

এ সময় তার স্বীকারোক্তিতে তার নিজের কাছে বহনকৃত একটি বস্তার মধ্যে লুকিয়ে রাখা অবস্থায় ৪৭ বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ।

আটক মাদক ব্যবসায়ী সিরাজুল চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের ছলেমানের ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, গোপন সংবাদের উপর ভিত্তি করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ(ওসি) মেহেদী রাসেলের নির্দেশে ও নেতৃত্বে এস আই উত্তম কুমার, এস আই সাহেব আলী, এস আই বিপ্লব সহ সঙ্গীয় ফোর্স এই অভিযান পরিচালনা করেন।

ওসি মেহেদি রাসেল জানান মাদকবিরোধী অভিযানে শুক্রবার সকাল সাড়ে ১১ দিকে অভিযান চালিয়ে সিরাজুল নামের এক মাদক ব্যবসায়ীকে ৪৭ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে শনিবার বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

দর্শনায় ফেনসডিলসহ তিন মাদক ব্যাবসায়ী আটক

চুয়াডাঙ্গার দর্শনায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৬০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

শুক্রবার (১৬ই ডিসেম্বর) ভোর সাড়ে ৫টার সময় পৌরশহরের দক্ষিণ চাঁদপুর গ্রাম হতে তাদের ৩ জনকে আটক করা হয়।

আটককৃতরা হলো, দর্শনা থানাধীন মদনা গ্রামের মৃত নজির আহম্মেদের ছেলে আব্দুল হালিম (৩৬), দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত দানেস মণ্ডলের ছেলে আক্তার হোসেন (৫৫) এবং পারকৃষ্ণপুর গ্রামের মজিবুল হকের ছেলে সেলিম হোসেন (২৩)। তাদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ.এইচ.এম লুৎফুল কবীর জানান, গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এসআই সোহেল রানা এবং এএসআই মামুনুর রহমান সঙ্গীয় ফোর্সসহ শুক্রবার ভোর সাড়ে ৫টার সময় দর্শনা থানাধীন দক্ষিণ চাঁদপুর গ্রামে মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযান পরিচালনাকালে দক্ষিণ চাঁদপুর গ্রামের আক্তার হোসেনের বাড়ির পিছনের পাকা রাস্তার উপর হতে তিনজনকে আটক করা হয়।

আটককৃতদের কাছে থেকে ৬০ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়। আজ তাদেরকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করা হয়েছে।

গাংনীতে হেরোইনসহ ছাত্রলীগ নেতা লিমন আটক

মেহেরপুরের গাংনীতে লিমন আহম্মেদ (২১) ছাত্রলীগ নেতাকে হেরোইনসহ আটক করেছে পুলিশ। বুধবার(১৪ডিসেম্বর) গাংনী মহিলা ডিগ্রী কলেজের

সামনে থেকে তাকে আটক করা হয়। সে গাংনী বাজার পাড়ার আব্দুর রশিদের ছেলে ও গাংনী উপজেলা ছাত্রলীগের উপ পাঠাগার বিষয়ক সম্পাদক।

গাংনী থানার ডিউটি অফিসার মোহাম্মদ আজম বিশ্বাস জানান, মাদক বিরোধী অভিযানে এসআই সাইফুলের নেতৃত্বে গাংনী মহিলা ডিগ্রি কলেজের সামনে অভিযান চালিয়ে রাত ১১ টার দিকে লিমন আহম্মেদের মোটর সাইকেলের গতিরোধ করে তার দেহ করে ১০ গ্রাম হেরোইন পাওয়া যায়। লিমনকে মোটরসাইকেল আটক করলেও অপর আরোহী গাংনীর শুভ আহমেদ পালিয়ে যায়।

গাংনী থানার ওসি বিষয়টি নিশ্চিত করে বলেন, লিমন আহম্মেদকে ১০ গ্রাম তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলায় আদালতে সোপর্দ করা হয়েছে।

সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ৬ জন কারাগারে

মেহেরপুরে গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় কারাগারে পাঠানো হলো গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে।
তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৩০(২)/৩৫ ধারায় মামলা দিয়ে আদালাতে প্রেরণ করলে বিজ্ঞ বিচারক তাদের জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

এর আগে গাংনী থানার এসআই জগদিশ চন্দ্র বসু বাদী হয়ে সাহিদুজ্জামান শিপুসহ ৯ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। যার মামলা নম্বর-২২, তারিখ-১৪/১২/২২ ইং। কারাগারে পাঠানো আরো ৫ আসামি হলেন- গাংনী সরকারী ডিগ্রি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, গাংনী উপজেলা ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। বাকি ৩ আসামি পলাতক রয়েছেন। তারা হলেন- সাহারবাটির জামিরুল ইসলাম, এলাঙ্গীর জামিরুল ইসলাম, এবং কাজিপুরের তপন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গতকাল বুধবার বিকালে তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে আদালতে পাঠালে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মামলার এজাহারে জানা গেছে, সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের সহায়তায় অনলাইন জুয়া ওয়ান এক্স বেট ও মেল বেটের সাব এজেন্ট হিসেবে করিতেছে এবং অনলাইন জুয়া ওয়ান এক্স বেট ও মেল বেট পরিচালিত অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশন মোবাইল ব্যংকিং ব্যবসা বিকাশ/রকেট/নগদ/উপায়ের মাধ্যমে লেনদেন সম্পন্ন করছেন। এমন খবরের ভিত্তিতে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী বাজার সংলগ্ন উত্তরপাড়ায় শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় শিপুর কাছে থেকে তিনটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। জব্দকৃত মোবাইল ফোনে দেখা যায় ২০২০ সালের ২৭ জুলাই তিনি অনলাইন জুয়ার সাইট ওয়ান এক্স বেটের একাউন্ট ওপেন করেন এবং সেই থেকে অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ ই-ট্রানজেকশন করে আসছেন। জব্দকৃত মোবাইল এবং তার নিকট হতে ২লাখ ২৪ হাজার ৫শ টাকা উদ্ধার করা হয়। এছাড়া আসামি রবিউল, উজ্জল, বিপুল, চঞ্চল ও জিয়াউরের নিকট থেকে মোট ২৪টি মোবাইল ফোন জব্দ করা হয়। এবং প্রতিটি মোবাইল ফোনে অনলাইন জুয়ার কার্যক্রমে জড়িত থাকার বিভিন্ন স্ক্রিণশট, লেনদের তথ্য পাওয়া যায়।

আসামিদের জিজ্ঞাসাবাদে জানা যায় বাদী জানায়, আসামি মূল সহযোগী লালু বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে বাংলাদেশী টাকা রাশিয়ান রুবলে পরিণত করে অবৈধভাবে টাকা পাচার করছেন।

এর আগে, মঙ্গলবার রাতে গাংনী শহরের উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করে সাহিদুজ্জামান শিপু, রবিউল ইসলাম, জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল চৌধুরী, জিয়াউর রহমান আটক করে পুলিশ।

প্রসঙ্গত, অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে অনলাইন জুয়া পরিচালিত করে মেহেরপুরের প্রায় দুইশত এজেন্ট রাশিয়ায় কোটি কোটি টাকা পাচার করছেন। মেহেরপুর পুলিশ অনলাইন জুয়ার সেসব দূর্গে হানা দিয়ে এর

আগে বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ২৭ জনকে গ্রেফতার করে জেলে পাঠিয়েছে। মেহেরপুর প্রতিদিনও অনলাইন জুয়া নিয়ে ধারাবাহিকভাবে অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করছে। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানেও অনলাইন জুয়ার সাথে জড়িত আরো কয়েকজরে তথ্য পাওয়া গেছে। ধারাবাহিকভাবে সেগুলো প্রকাশ করা হবে।